যুগান্তর

22 JUN 2016
পৃষ্ঠা ...৮... কলাম ...২...

# ইবির চার শিক্ষকের বিরুদ্ধে প্রো-ভিসির মানহানি মামলা

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থী চার শিক্ষকের বিরুদ্ধে ৫০ কোটি টাকার মানহানি মামলা দায়ের করেছেন প্রোভিসি অধ্যাপক ড. শাহিনুর রহমান। তার বিরুদ্ধে কুরুচিপূর্ণ বক্তব্য প্রদান ও পিএইচডি ডিগ্রি নিয়ে মিথ্যা তথ্য সরবরাহ করার অভিযোগে এ মামলা দায়ের করেছেন বলে জানিয়েছে তার আইনজীবী। সোমবার কুষ্টিয়ার যুগ্ম জেলা জজ ১ম আদালতে এ মামলা দায়ের করা হয়। কুষ্টিয়া আদালতে মামলা নং-২/১৬।

মামলায় অভিযুক্ত শিক্ষকরা হলেন মার্কেটিং বিভাগের অধ্যাপক ও বঙ্গবন্ধু পরিষদের একাংশের সভাপতি জাকারিয়া রহমান, ইংরেজি বিভাগের অধ্যাপক ও বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মিজানুর রহমান, বামপন্থী শিক্ষক সংগঠন শাপলা ফোরামের একাংশের সভাপতি ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মাহবুবুল আরফিন, শাপলা ফোরামের সাধারণ সম্পাদক ও ইসলামের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আনোয়ার হোসেন।

এবিষয়ে প্রোভিসি অধ্যাপক ড. শাহিনুর রহমানের আইনজীবী অনুপ কুমার নন্দি যুগান্তরকে বলেন, অধ্যাপক শাহিনুর রহমানের বিরুদ্ধে মিথ্যা তথ্য পরিবেশন করায় পূর্বের উকিল নোটিশের ওপর ভিত্তি করে চার শিক্ষকের বিরুদ্ধে ৫০ কোটি টাকার মানহানি মামলা দায়ের করা হয়েছে।' এ বিষয়ে শাপলা ফোরামের একাংশের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আনোয়ার হোসেন বলেন 'শুনেছি মামলা হয়েছে। তবে এ সংক্রান্ত কোনো কাগজপত্র আমার কাছে আসেনি।'